

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন - ১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd


নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৪.২০১৬- ন/৭৩

তারিখঃ ২৫/০৩/১৪২৪ বঙ্গাব্দ
০৯/০৭/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দেশের সুবিধা বঞ্চিত অনগ্রসর প্রতিবন্ধী জনগোষ্ঠীর কল্যাণে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জীবন মানের সার্বিক উন্নয়নের স্বার্থে মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থা কর্তৃক আয়োজিত সভা/সেমিনারে মৈত্রী শিল্পে উৎপাদিত “মুক্তা পানি” এবং মৈত্রী শিল্পের প্লাস্টিক সামগ্রী অফিসে ব্যবহার নিশ্চিতকরণ।

সূত্রঃ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ডি.ও পত্র নং-৪১.০০.০০০০.০২১.০৫.০০৫.১৭-১০৭, তারিখঃ ১২/০৩/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ডি. ও পত্রের আলোকে এ মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ সকল দপ্তর/সংস্থাকে উক্ত ডি. ও পত্রটি পৃষ্ঠাংকন করে “মুক্তা পানি” ব্যবহারের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু সম্প্রতি দেখা যাচ্ছে যে, উক্ত ডি. ও পত্রের নির্দেশনা কোন কোন হাসপাতালে প্রতিপালন করা হচ্ছে না। এমতাবস্থায়, দেশের সুবিধা বঞ্চিত অনগ্রসর প্রতিবন্ধী জনগোষ্ঠীর কল্যাণে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জীবন মানের সার্বিক উন্নয়নের স্বার্থে এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহে আয়োজিত সভা/সেমিনারে মৈত্রী শিল্পে উৎপাদিত “মুক্তা পানি” এবং মৈত্রী শিল্পের প্লাস্টিক সামগ্রী অফিসে ব্যবহার নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।


(মোঃ রেজাউল আলম)
উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ((এ বিষয়ে সকল মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/জেলা ও উপজেলা হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন সাব-সেন্টারসমূহে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর/নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। পরিচালক,.....।
- ৫। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।